গাংনীর বামন্দীতে ফিউচার একাডেমি কোচিং সেন্টারের উদ্বোধন

গাংনীর বামন্দীতে ফিউচার একাডেমি নামে একটি কোচিং সেন্টারের আনুষ্ঠানিক পথ চলা শুরু করেছে।

শনিবার বিকেলে বামন্দী বাসস্ট্যান্ড সংলগ্ন জননী সুপার মার্কেটের তৃতীয় তলায় ফিউচার একাডেমি কোচিং সেন্টার উদ্বোধন করা হয়েছে।

বামন্দী নিশিপুর স্কুল এন্ড কলেজের পরিচালনা পর্ষদের সভাপতি মাসুমের সভাপতিত্বে আরো উপস্থিত ছিলেন বামন্দীর ইটাভাটা ব্যবসায়ী মফিজুল ইসলাম লাল্টু, শিক্ষক জান্নাত আলী, শিক্ষক হেলালুর রহমান, ব্যবসায়ী আব্দুর রশিদ, বিডিএস বাংলা একাডেমির পরিচালক মুনতাজ আলী সহ স্থানীয় শিক্ষার্থী সহ অভিভাবকরা। কোচিং সেন্টারটি এগিয়ে নিতে পরিচালক ফাহিম এজাজ সকলের সহযোগীতা কামনা করেন। ৫ম শ্রেণী থেকে ১০ শ্রেণীর জন্য এক আদর্শ কোচিং সেন্টার হিসেবে কাজ করবে।

মেহেরপুরের সি এম সি মাধ্যমিক বিদ্যালয়ের ভবন উদ্বোধন

মেহেরপুর সদর উপজেলার চাঁদবিলে সি এম সি মাধ্যমিক বিদ্যালয়ের একাডেমিক ভবন উদ্বোধন করা হয়েছে ।

শনিবার দুপুরে সি এম সি মাধ্যমিক বিদ্যালয়ের চারতলা বিশিষ্ট একাডেমিক ভবনের উদ্বোধন করেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

পরে সি এম সি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক খালেদ ওমর রুমির সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত

ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুলিশ সুপার রাফিউল আলম, পিপিএম, মেহেরপুর সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর মোঃ রফিকুল ইসলাম, মেহেরপুর জেলা শিক্ষা অফিসার মাহফুজুল হোসেন, আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বোরহান উদ্দিন, বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদ মেহেরপুরের সভাপতি প্রফেসর আব্দুল মালেক, সি এম সি মাধ্যমিক বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা সদস্য মোঃ আব্দুল্লাহ।

গাংনীতে হত্যা মামলার আসামি গ্রেফতার

মেহেরপুরের গাংনীতে কৃষক জগত আলী হত্যা মামলার প্রধান অভিযুক্ত গাফ্ফার বিশ্বাস(৫০)কে গ্রেফতার করেছে পুলিশ।

শনিবার(২১ জানুয়ারী) ভোরে উপজেলার হেমায়েতপুর বাজার থেকে তাকে গ্রেফতার করে গাংনী থানা পুলিশ। গ্রেফতারকৃত গাফফার বিশ্বাস গাংনী উপজেলার ষোলটাকা ইউনিয়নের আমতৈল গ্রামের মৃত আব্দুল রহমানের ছেলে।

মামলার তদন্তকারী কর্মকর্তা এসআই রাজ্জাক জানান, দীর্ঘদিন ধরে জগত আলী ও গাফফার বিশ্বাস এর মধ্যে জমি জায়গা সংক্রান্ত বিরোধ চলে আসছিল।গত বছরের ৩০ অক্টোবর ফজরের নামাজ শেষে জগত আলী তার জমিতে কৃষি কাজের জন্য যান। সুযোগ বুঝে গাফ্ফার বিশ্বাস নিড়ানি(কৃষি কাজে ব্যবহৃত যন্ত্র) দিয়া আঘাত করে। এ সময় ঘটনাস্থলেই মৃত্যু হয় জগত আলীর। পরের স্থানীয়দের মাধ্যমে খবর পুলিশ লাশ উদ্ধার করে ময়না তদন্তের জন্য মেহেরপুর জেনারেল হাসপাতাল মর্গে প্রেরণ করে।

সে সময় পুলিশ প্রাথমিকভাবে ধারণা করে হৃদরোগে আক্রান্ত হয়ে জগত আলীর মৃত্যু হয়। ময়না তদন্ত প্রতিবেদন হাতে পাওয়ার পর হত্যাকাণ্ডের তথ্য নিশ্চিত হয় পুলিশ। হত্যাকাণ্ডের পর থেকেই

গাফ্ফার বিশ্বাস পলাতক ছিল।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান,জগত আলীর স্ত্রী হালিমা খাতুন পরদিন গাংনী থানায় বাদী হয়ে অজ্ঞাতনামা ৩-৪ জন নামে একটি হত্যা মামলার দায়ের করেন।যার মামলা নং-২,তারিখ-০১-১১-২২।

রায়পুরে নাইট ফুটবল টুর্নামেন্টে চ্যাম্পিয়ন ফিল্ডপাড়া সেভেন স্টার

মেহেরপুর সদর উপজেলার রায়পুর জাগরণী ক্লাবের উদ্যোগে নাইট ফুটবল টুর্নামেন্টে ফিল্ডপাড়া সেভেন স্টার টিম চ্যাম্পিয়ন হয়েছে।

গতকাল শুক্রবার রাতে রায়পুর ফুটবল মাঠে অনুষ্ঠিত ফাইনাল খেলায় ফিল্ডপাড়া সেভেন স্টার ৫-০ গোলে চৌকিদার হেয়ার কাটিং টিমকে পরাজিত করে। খেলা পরিচালনা করে ছিলেন শামীম এবং সহযোগী হিসেবে দায়িত্ব পালন করেন লাল চাঁদ ও রকি।

খেলা শেষে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ী দলের মাঝে পুরস্কার তুলে দেন এডভোকেট আব্দুল্লাহ আল মামুন রাসেল। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেদী হাসান, বকুল আলী, আলী হোসেন, আজগর আলী এবং রায়পুর জাগরণী ক্লাবের পরামর্শদাতা ফারুক হোসেন।

রায়পুর জাগরণী ক্লাবের উদ্যোগে নাইট ফুটবল টুরামেন্টে রায়পুরের বিভিন্ন ফুটবল প্লেয়ার এবং ফুটবল খেলা ভক্ত বিভিন্ন শ্রেণি পেশার শতশত মানুষ কনকনে শীতের মধ্যে এই নাইট ফুটবল টুর্নামেন্ট উপভোগ করেন।

মেহেরপুর বুদ্ধি প্রতিবন্ধী ও অটিষ্টিক বিদ্যালয়ের ভবন উদ্বোধন

মেহেরপুর বুদ্ধি প্রতিবন্ধী ও অটিষ্টিক বিদ্যালয় ভবনের উদ্বোধন করেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি অধ্যাপক ফরহাদ হোসেন এমপি।

শুক্রবার দুপুরে শহরের ক্যাশবপাড়ায় ভবনের উদ্বোধন করা হয়। উদ্বোধন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মেহেরপুর বুদ্ধি প্রতিবন্ধী ও অটিষ্টিক বিদ্যালয়ের সভাপতি ও কেন্দ্রীয় যুব মহিলা লীগের সাবেক ত্রাণ ও সমাজ কল্যাণ বিষয়ক সম্পাদিকা সৈয়দা মোনালিসা ইসলাম।

অনুষ্ঠানে বিশেষ অতিথি উপস্থিত ছিলেন পুলিশ সুপার রাফিউল আলম, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) লিউজা উল জান্নাহ, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ ওবাইদুল্লাহ।

জেলা যুবলীগের সাবেক নেতা মিজানুর রহমান হিরনের সঞ্চালনায় উপস্থিত ছিলেন, সদর উপজেলার আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোমিনুল ইসলাম মোমিন, শ্যামপুর ইউপি চেয়ারম্যান মতিউর রহমান মতিন, বুড়িপোতা ইউপি চেয়ারম্যান শাহজামান, জেলা যুবলীগের যুগ্ম আহ্বায়ক সরফরাজ হোসেন মৃদুল, সাবেক যুবলীগ নেতা রাহিনুজ্জামান পলেন, বড় বাজার ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম খোকন, বিদ্যালয়ের প্রধান শিক্ষক রুপালি খাতুন, সহ সরকারি ও রাজনৈতিক ব্যক্তিবর্গরা।

মুজিবনগরের আনন্দবাসে যুবমহিলা লীগের উঠান বৈঠক অনুষ্ঠিত

উন্নয়নের অগ্রযাত্রায় স্মার্ট বাংলাদেশ। সমৃদ্ধি উন্নয়ন ও

অগ্রগতির ধারাবাহিকতায় আমাদের মেহেরপুর এই স্লোগানে, সরকারের সাফল্য ও প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার উন্নয়নের ধারা এবং প্রিয় নেতার কথা তৃণমূলের মা বোনদের মাঝে তুলে ধরার মাধ্যমে, শেখ হাসিনার হাতকে শক্তিশালী করে, আগামী নির্বাচনে মাননীয় জনপ্রশাসন প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেনকে পুনরায় নির্বাচিত করার মাধ্য দিয়ে মেহেরপুর মুজিবনগরের উন্নয়নের ধারাকে অব্যাহত রাখতে মুজিবনগর উপজেলায় বাগোয়ান ইউনিয়নে আনন্দবাস গ্রামে ইউনিয়ন যুব মহিলালীগের আয়োজনে উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার বিকেলে মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নের আনন্দবাস গ্রামে বাগোয়ান ইউনিয়ন যুব মহিলা লীগের সভাপতি লিপিকা মন্ডলের এর সভাপতিত্বে,এবং মেহেরপুর জেলা যুব মহিলা লীগের সাধারণ সম্পাদিকা এ্যাড: রুত শোভা মন্ডল এর সঞ্চালনায় এই উঠান বৈঠকে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর যুব মহিলা লীগের প্রতিষ্ঠাতা এবং সাবেক কেন্দ্রীয় যুব মহিলা লীগের নেত্রী ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেনের সুযোগ্য সহধর্মিনী সৈয়দা মোনালিসা ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্হিত ছিলেন, বাগোয়ান ইউনিয়নের পরিষদের চেয়ারম্যান ও মেহেরপুর জেলা আওয়ামীলীগের (সাবেক) সাংগঠনিক সম্পাদক আয়ুব হোসেন, জেলা যুব মহিলা লীগের সভাপতি সামিউন বাসিরা পলি, উপজেলা যুব মহিলা লীগের সভাপতি তকলিমা খাতুন, উপজেলা যুব মহিলা লীগের সাধারণ সম্পাদিকা তহমিনা খাতুন। উঠান বৈঠকে মুজিবনগর উপজেলা ও বাগোয়ান ইউনিয়ন যুব মহিলা লীগের নেতাকর্মীবৃন্দ এবং বিপুল সংখ্যাক যুব মহিলা লীগের কর্মী ও সমর্থকবৃন্দ উপস্হিত ছিলেন।

মেহেরপুরের জনপ্রিয় হচ্ছে মালচিং পদ্ধতি

মেহেরপুরের কৃষকদেও কাছে দিনদিন জনপ্রিয় হয়ে উঠেছে মালচিং পদ্ধতি। কৃষি ক্ষেত্রে উৎপাদন বৃদ্ধি খরচ কম ও মাটির স্বাস্থ্য

রক্ষায় যে সকল চাষ পদ্ধতি রয়েছে তার অন্যতম মালচিং পদ্ধতি। আর পদ্ধতিতে চাষাবাদ করে লাভবান হওয়ায় মেহেরপুর জেলার কৃষকরা ঝুঁকছেন এ পদ্ধতি ব্যবহারে।

মালচিং পদ্ধতিতে উৎপাদিত ফসলের চাহিদা ও মুল্য বেশি পাওয়ায় অনেক কৃষকই আগ্রহী হয়ে পরামর্শ নিচ্ছেন মালচিং পদ্ধতি সম্পর্কে। আর এতে সহায়তা করছেন বেসরকারী সংস্থা পলাশী পাড়া সমাজ কল্যাণ সমিতি।

মেহেরপুর কৃষি অফিসের দেয়া তথ্য সুত্রে জানাগেছে, জেলায় এবছর ৫০ হেক্টর জমিতে বিভিন্ন জাতের টমেটো আবাদ হয়েছে। এতে ২০০০ মেট্রিক টন টমেটো উৎপাদনের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে। জেলায় উন্নত জাতের মধ্যে বিউটি প্লাস, লাভলী, অভিলাস, লভেলট্রি, বাহুবলি ও জিরো ফোর জাতের টমেটো আবাদ হচ্ছে। আর এসকল টমোটোর আবাদের খরচ কমিয়ে রোগ বালাইয়ের হাত থেকে রক্ষা পেতে মালচিং পদ্ধতি দিন দিন জনপ্রিয় হয়ে উঠেছে।

মালচিং হচ্ছে চাষকরা মাটির উপর এক ধরনের মোটা ও কার্বন যুক্ত পলিথিন পেপার। যা মাটি বাহিত বালাই প্রতিরোধী ও সেচ সাশ্রয়ী। মালচিং পদ্ধতিতে টমেটো চাষ করে খরচ কম হচ্ছে এবং উৎপাদিত ফসলের গুনগত মান বৃদ্ধি হচ্ছে। পাশাপাশি বাজারেও চাহিদা বাড়ছে। ফলে বেশি দামে বিক্রি হচ্ছে মেহেরপুরের টমেটোসহ মালচিং পদ্ধতিতে উৎপাদিত বিভিন্ন সবজি। এপদ্ধতি ব্যাপক হারে ছড়িয়ে দিতে কৃষি অফিস থেকে বিভিন্ন পরামর্শও দেয়া হচ্ছে। সরকারি সহায়তার পাশাপাশি বেসরকারি সংস্থা পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি কাজ করে কৃষকদের আরও সমৃদ্ধ করার চেষ্টা অব্যাহত রেখেছে।

গাড়াডোব গ্রামের টমেটো চাষী আমজাদ হোসেন জানান, প্রচলিত পদ্ধতিতে আবাদ করে লোকসান হচ্ছিল। পরে পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি বিনামুল্যে মালচিং পেপার ও কিছু নগদ অর্থ সহায়তা করে। তাদের কৃষি অফিসারের পরামর্শ অনুযায়ী প্রথমে এক বিঘা জমিতে টমেটো চাষ করা হয়। টমেটো গাছ অনেক বড় ও সবল হয়েছে। মাটি বাহিত রোগ বালাই নেই। সেচ খরচও হচ্ছেনা। এক বিঘা জমিতে টমেটো আবাদ করেত খরচ হয়েছে ১০ থেকে ১২ হাজার টাকা। ৫০ হাজার টাকার টমেটো ইতোমধ্যে বিক্রি করা হয়েছে। এখনও গাছে পর্যাপ্ত টমেটো রয়েছে। আশা করা হচ্ছে এক লক্ষ টাকার টমেটো বিক্রি করা সম্ভব হবে।

কৃষক জাকিরুল ইসলাম জানান, মালচিং পদ্ধতিতে চাষ প্রশিক্ষণ নিয়ে টমেটো চাষ করায় অন্যান্য বছরের তুলনায় মালচিং পদ্ধতিতে টমেটো

গাছে বেশি টমেটো হয়েছে। দেখতে সজিব ও সুন্দর। বাজারে অন্যান্য জেলার তুলনায় এ পদ্ধতিতে উৎপাদিত টমেটোর কদর অনেক বেশি। দামও ভাল। আগে সবজিতে ৪/৫ টি সেচ লাগতো। মালচিং পদ্ধতি ব্যবহার করে মাত্র দুটি সেচেই আবাদ হচ্ছে। আগাছাও কম। এপদ্ধতি ব্যবহারে কৃষকদের অনেক খরচ কমে যাবে এবং কীটনাশকের ব্যবহারও কমে আসবে।

কৃষক জাকিরুলের ছেলে জুয়েল রানা জানান, আমি লেখাপড়ার পাশাপাশি বাবার সাথে কৃষি কাজেও সহায়তা করি। আগে জমিতে অনেক সেচ ও আগাছা দমনে সময় বেশি লাগতো । এখন আর তা লাগেনা। আমাদের আবাদ ভাল হচ্ছে এবং খরচও কমেছে।

মেহেরপুর পলাশীপাড়া সমিতির কৃষি অফিসার মস্তফা রাব্বি জানান, কৃষি নির্ভরশীল ও সম্ভাবনাময় মেহেরপুরের কুষিকে আরো সমৃদ্ধ করতে সরকারি সহায়তার পাশাপাশি আমরাও নতুন নতুন প্রযুক্তি ব্যবহারের প্রশিক্ষন ও পরামর্শ দিচ্ছি কৃষকদের।

পিএসকেএস সংস্থার নির্বাহী পরিচালক মুহঃ মোশাররফ হোসেন, বলেন, পিকেএসএফ অর্থায়নে পরিচালিত আমাদের এই সংস্থা। সংস্থাটি জন কল্যাণে ও কৃষি কল্যাণে কাজ করছে দির্ঘদিন থেকে। কৃষি প্রণোদনা হিসেবে বিভিন্ন সুযোগ সুবিধা দিয়ে যাচ্ছি কৃষকদের। উদ্বুদ্ধ করা হচ্ছে নতুন নতুন প্রযুক্তি ব্যবহারে। মালচিং একটি প্রযুক্তি। যা ব্যবহার করে কৃষকরা লাভবান হচ্ছেন।

মেহেরপুর কৃষি অধিদপ্তরের উপ পরিচালক শংকর কুমার মজুমদার জানান, মালচিং পদ্ধতি মেহেরপুরের কৃষকদেও কাছে দিনদিন জনপ্রিয় হচ্ছে। এতে রোগবালাই কম হয় ফলে কীটনাশক ব্যবহার কমে এসেছে। সেচ খরচও কম। এবং উৎপাদিক ফসল দেখতেও ভাল হয়। যে কারনে বাজারেও চাহিদা বেশি। আমাদেও পাশাপাশি বিভিন্ন বেসরকারি সংস্থাও কৃষিকে এগিয়ে নিচ্ছে, যা ভাল উদ্যোগ। আমরা চাই কৃষকরা যে কোন ভাবে কৃষকরা লাভবান হোক।

হোটেল আটলান্টিকা কাণ্ডে সাংবাদিক জনির ২ দিনের রিমাণ্ড মঞ্জুর

মেহেরপুরে হোটেল আটলান্টিকা কাণ্ড মামলায় গ্রেফতার দেখানো সাংবাদিক মিজানুর রহমান জনির ২ দিনের রিমাণ্ড মঞ্জুর করেছেন আদালত।
গতকাল বৃহস্পতিবার মেহেরপুরের সিনিয়র জুডিশিয়াল ম্যাজিষ্ট্রেট মো: তারিক হাসান এ আদেশ দেন। মামলার তদন্তকারী কর্মকর্তা এসআই আশরাফ আলী এ তথ্য নিশ্চিত করেছেন।

আদালত সূত্রে জানা গেছে, গতকাল হোটেল আটলান্টিকা কাণ্ড মামলায় গ্রেফতার দেখানো সাংবাদিক মিজানুর রহমান জনির ৭দিনের রিমাণ্ড চেয়ে আবেদন করেন মামলার তদন্তকারী কর্মকর্তা এস আই আশরাফ আলী। আদালতে আসামি সাংবাদিক মিজানুর রহমান জনি অসুস্থতার কারণ দেখিয়ে রিমাণ্ডের বিরোধীতা করেন তার আইনজীবী। আদালতের রিমাণ্ড আবেদন শুনানি শেষে বিজ্ঞ বিচারক ২ দিনের রিমাণ্ড মঞ্জুর করেন।

মামলার তদন্তকারী কর্মকর্তা এস আই আশরাফ আলী জানান, হোটেল আটলাণ্টিকা কাণ্ড মামলার অধিকতর তদন্তের স্বার্থে আদালতে মিজানুর রহমান জনির ৭দিনের রিমাণ্ড চাওয়া হয়। আদালতের বিজ্ঞ বিচারক ২ দিনের রিমাণ্ড মঞ্জুর করেছেন।
হোটেল আটলান্টিকা কাণ্ডে ব্লাকমেইলার চার সাংবাদিকের অন্যতম মিজানুর রহমান জনি। এ নিয়ে আসামি প্রিয়া খাতুন ও ছন্দা পৃথক পৃথক ১৬৪ ধারার জবানবন্দিতে জনিকে অভিযুক্ত করেন। এ নিয়ে সংবাদ প্রকাশের পর থেকে জনি আত্নগোপনে ছিলেন।

অপরদিকে, সাংবাদিক মিজানুর রহমান জনিকে চাঁদাবাজি ও প্রতারণা মামলায় গত ১৮ ডিসেম্বর চুয়াডাঙ্গা শহর থেকে গ্রেফতার করে মেহেরপুর সদর থানা পুলিশ।

চুয়াডাঙ্গা সদর থানা পুলিশের সহযোগিতায় মেহেরপুর সদর থানা পুলিশের একটা টিম তাকে এনটিভি মেহেরপুর জেলা প্রতিনিধির ক্যামেরা ছিনতাই ও প্রতারণার অভিযোগে গ্রেফতার করে।

গত ২২ নভেম্বর মেহেরপুর সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে

নিজে বাদি হয়ে একটা মামলা দায়ের করেন সাংবাদিক রেজ আন উল বাসার তাপস। বিজ্ঞ আদালত মামলাটি আমলে নিয়ে সদর থানা পুলিশকে এফআরআই এর নির্দেশ দেন। পরে গত ১০ জানুয়ারি হোটেল আটলান্টিকা কাণ্ড মামলায় জনিকে শোন এ্যারেষ্ট মঞ্জুর করে আদালত।

উল্লেখ্য, ২২ নভেম্বর মউকের একটি চাঁদাবাজী মামলার আসামী হিসেবে হোটেল আটলান্টিকায় অসামাজিক কার্যকলাপের অন্যতম হোতো নাজনিন খান প্রিয়াকে আটক করে সদর থানা পুলিশ। পরে ওই মামলাটি ডিবিতে হস্তান্তর করা হলে ডিবি পুলিশ মামলার তদন্তকালে ৩০ নভেম্বর মেহেরপুরের ওয়াপদা সড়কে আটলান্টিকা কাণ্ডে জড়িত থাকার অভিযোগে হোটেল মালিক মতিয়ার রহমান, তার ছেলে মামুন এবং সদর উপজেলার হিজুলী গ্রামের এনামুল হকের মেয়ে ছন্দা খাতুনকে গ্রেফতার করে। ছন্দা খাতুনকে ১৬৪ ধারায় জবাবনবন্দীতে হোটেল আটলান্টিকার অসামাজিক কার্যক্রমের বিবরণ তুলে ধরেন। তার জবানবন্দীতে উঠে আসে ভয়ংকর সব তথ্য। হোটেল মালিক মতিয়ার ও তার ছেলে মামুন স্থানীয় কিছু সাংবাদিকের সহায়তায় হোটেলে বিভিন্ন মেয়েদের ব্যবহার করে বিভিন্ন শ্রেণী পেশার মানুষের অন্তরঙ্গ মুহুর্তের ভিডিও ধারণ করে সেগুলো সাংবাদিকদের মাধ্যমে চাদাবাজি করে আসছিলেন।

ছন্দা খাতুনের জবানবন্দী নিয়ে মেহেরপুর প্রতিদিনে সংবাদ প্রকাশ হলে মেহেরপুরসহ আশেপাশের কয়েকটি জেলায় সংবাদটি তোলপাড় সৃষ্টি করে। যার রেশ এখনো চলমান। সংবাদে মেহেরপুরের চার সাংবাদিক ও এক আইনজীবীর কথা উঠে আছে। প্রকাশিত ওই সংবাদের চার সাংবাদিকের একজন এশিয়ান টেলিভিশনের সাংবাদিক মিজানুর রহমান জনি।

প্রসঙ্গত, হোটেল আটলান্টিকা কাণ্ডে পুলিশ এ পর্যন্ত ৮ জনকে আটক করেছে। আটকৃতরা হলেন- কথিত সাংবাদিক নাজনিন খান প্রিয়া, হোটেল মালিক মতিয়ার রহমান, তার ছেলে মামুন, হিজুলির ছন্দা খাতুন, হোটেল কর্মচারী হাসিবুল হক জয়, সাংবাদিক মিজানুর রহমান জনি, নিহাল আল মুকিত ও শাহজাহান আলী।

গাংনীতে কবরস্থানের রাস্তা নিয়ে মিথ্যা মামলায় হয়রানির প্রতিবাদে মানববন্ধন

মেহেরপুরের গাংনী উপজেলার কড়ুইগ্রাছি মিথ্যা মামলায় হয়রানির প্রতিবাদে গ্রামবাসী মানববন্ধন করেছেন।

বৃহস্পতিবার বিকেলে গ্রামের সামাজিক কবরস্থানের সড়কে মানববন্ধন করেন। মানববন্ধনের বক্তারা জানান, গ্রামের কয়েকজনকে মিথ্যা মামলায় হয়রানি করছে এমন অভিযোগ উত্থাপন করে অনতিবিলম্বে মামলা প্রত্যাহারের দাবি জানান।

মানববন্ধনে গ্রামের বয়োবৃদ্ধ মোশারফ হোসেন মন্ডলের নেতৃত্বে বক্তব্য রাখেন কবরস্থান কমিটির সাধারণ সম্পাদক সুমন আলী, সদ্য জমিদাতা হানজালা, ইসরাফিল হুসাইন উজ্জল, ফজলুল হক রবিউল ইসলাম।

বক্তরা বলেন, গ্রামবাসীর সকলের জন্যই কবরস্থান উন্মুক্ত। কবরস্থানের প্রবেশ মুখে সামান্য একটু জমির কারণে রাস্তা বন্ধ ছিল। সাম্প্রতিক সময়ে ওই জায়গার মালিক হানজালা আড়াই শতক জমি কবরস্থানের নামে দান করেন। তখন থেকে সংস্কারের জন্য রাস্তায় মাটি ফেলা শুরু হয়। গ্রামের মানুষের স্বার্থে প্রায় সকলে মিলে কবরস্থানের উন্নয়নে মনোনিবেশ করেন। কাজ চলমান অবস্থায় গ্রামের গোলাম জাকারিয়া ও গোলাম রসুল আড়াই শতক জমি নিজেদের দাবি করে জোরপূর্বক দখলের অভিযোগ তুলে মেহেরপুর আদালতে ১৪৫ ধারায় একটি পিটিশন দায়ের করেন। যা তদন্তাধীন রয়েছে। এখানে বিবাদি করা হয়েছে কবরস্থানের উন্নয়নের দায়িত্বে থাকা গ্রামের ৮ জনকে।

বক্তারা বলেন, হানজালা তার ক্রয় করা সম্পত্তি দান করেছেন। এখানে কোন প্রকার জটিলতা নেই। গোলাম জাকারিয়া ও গোলাম রসুল পক্ষ চায় না যে গ্রামে কবরস্থানের হোক কিংবা রাস্তা হোক। তারা ব্যক্তি স্বার্থে গ্রামের মানুষের বৃহত্তর স্বার্থের বিরুদ্ধে অবস্থান নিয়েছে। তাদের ক্ষমতার জোরে গ্রামের মানুষকে এ মামলায় হয়রানি করে যাচ্ছে।

একদিকে গ্রামের মানুষ হয়রানি অন্য দিকে অন্য কোন মামলায় গ্রেফতারের হুমকিতে দিশেহারা হয়ে পড়েছেন। তাই মিথ্যা মামলায়

রেহাই পাওয়ার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেন তারা।
মানববন্ধনে গ্রামে নারী, শিশুসহ বিভিন্ন বয়সী মানুষ অংশ গ্রহণ করেন।

মুজিবনগরের ভবেরপাড়ায় মধ্যরাতে ইলেকট্রিক দোকানে আগুন

মুজিবনগর উপজেলার ভবেরপাড়া গ্রামে গতকাল বুধবার দিবাগত রাত ১২:৩০ সময় ইলেকট্রিক মেকানিক্স এর দোকানে হঠাৎ আগুন লাগার ঘটনা ঘটে ।

স্থানীয় লোকজন আগুন নেভানোর চেষ্টা করে এবং মুজিবনগর ফায়ার সার্ভিস স্টেশন কে খবর দেয় । মুজিবনগর ফায়ার সার্ভিস দ্রুত ঘটনাস্থলে পৌঁছে আগুন সম্পূর্ণ নিয়ন্ত্রণে আনে।

দোকানের মালিক মনির হোসেন বলেন, বৈদ্যুতিক ত্রুটি থেকে আগুন লেগেছে বলে মনে হচ্ছে। কারণ আমি দোকান থেকে যাবার পরে মধ্যরাতে এ ঘটনা ঘটে। এতে আমার দেকানের সব মালামাল আগুনে পুড়ে যায়। যার আনুমানিক ক্ষতির পরিমাণ ১,০০০০০(এক লক্ষ) টাকার অধিক।

মুজিবনগর ফায়ার সার্ভিস স্টেশন এর সাব স্টেশন অফিসার মোঃ শাহজাহান আলী বলেন, প্রাথমিকভাবে শর্ট সার্কিট থেকে আগুন লেগেছে বলে ধারণ করা হচ্ছে।